দৈনিক ইত্তেফাক

14 NOV 1991

তারিখ 14 NOV 1991
পৃষ্ঠা ২ কলাম ২

12

86

# গণতন্ত্র নস্যাতের লক্ষ্যেই সন্ত্রাসীরা ক্যাম্পাসে বিশৃঙ্খলা চালাইতেছে

## প্রেসিডেন্ট

বাসস : গতকাল (বুধবার) বঙ্গভবনে প্রেসিডেন্ট আব্দুর রহমান বিশ্বাসের সাথে বিশ্ববিদ্যালয় শিক্ষক ফেডারেশনের ১০ সদস্যের একটি প্রতিনিধিদল সাক্ষাৎ করেন। তাঁহারা বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষাজীবনের সাথে সংশ্লিষ্ট সমস্যা এবং ক্যাম্পাস পরিস্থিতি লইয়া আলোচনা করেন। প্রেসিডেন্ট মত বিনিময়কালে বলেন, সহিষ্ণুতা এবং সকল মতের মানুষের পারি-

(১১শ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## প্রেসিডেন্ট

(১ম পৃঃ পর)

স্পরিক সমঝোতার উপর গণতান্ত্রিক ব্যবস্থার সাফল্য বহুলাংশে নির্ভরশীল। তিনি বলেন, ক্যাম্পাসে যাহারা সন্ত্রাস চালায় প্রকৃতপক্ষে তাহারা ছাত্র নহে। তিনি বলেন, গণতান্ত্রিক ব্যবস্থা নস্যাৎ করার অসৎ উদ্দেশ্য লইয়া সন্ত্রাসকারীরা ক্যাম্পাসে বিশৃঙ্খলা চালাইতেছে। তিনি বলেন তাহাদের উদ্দেশ্য সফল হইবে না। প্রেসিডেন্ট বলেন, সরকার দেশের সমস্যাবলী সমাধানের চেষ্টা করিতেছেন। তিনি বলেন, শিক্ষার সুষ্ঠু পরিবেশ পুনরুদ্ধারে সকল রাজনৈতিক দলের সহযোগিতা অত্যাবশ্যক। তিনি ক্যাম্পাসে শান্তি-শৃঙ্খলা বজায় রাখার ব্যাপারে শিক্ষকদের দায়িত্বের কথাও স্মরণ করাইয়া দেন। প্রতিনিধিদলে উপস্থিত ছিলেন ডঃ আনোয়ারুল্লাহ চৌধুরী, অধ্যাপক সাদাত আলী, ডঃ জসীমউদ্দিন, ডঃ আমিনুল হক, ডঃ নাজমুল আহমদ এবং অধ্যাপক আজিজুল হক।